

অতীব জরুরী  
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০.০০.০৫.২০১১.৯৬০

তারিখ : ১৬ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ।  
৩০ নভেম্বর, ২০১৭ খ্রিঃ।

বিষয় : চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নির্বাচন স্থগিতকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের বিতর্কিত ওয়ার্ডসমূহের পুনঃগঠন কার্যক্রম সম্পন্ন করে গত ১৭/০৭/২০১৭ তারিখে উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা কর্তৃক উক্ত ইউনিয়নের ওয়ার্ড পুনঃগঠনের প্রজ্ঞাপন জারী করা হয়েছে। সে মোতাবেক গত ২৩/১১/২০১৭ তারিখে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ওয়ার্ড পুনঃগঠনের প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। ফলে নির্বাচন কমিশন কর্তৃক ভোটার তালিকা হালনাগাদ করা প্রয়োজন। ওয়ার্ড পুনঃগঠনের পূর্বের ভোটার তালিকা দিয়ে নির্বাচন অনুষ্ঠান সমীচীন হবে না। নির্বাচন কমিশন কর্তৃক উক্ত ইউনিয়ন পরিষদের নির্বাচন আগামী ২৮ ডিসেম্বর, ২০১৭ তারিখ নির্ধারণ করা হয়েছে। উক্ত সময়ের মধ্যে পুনঃগঠিত ওয়ার্ডের হালনাগাদ ভোটার তালিকা করা সম্ভব নয় মর্মে উপজেলা নির্বাহী অফিসার টেলিফোনে জানিয়েছেন।

০২। এমতাবস্থায়, জনাব মোঃ আলী আজগার টগর, সংসদ সদস্য, ৮০ চুয়াডাঙ্গা-০২ এর আধা-সরকারিপত্রটি এতদসংগে প্রেরণ করা হলো। ডিওপত্রে উল্লিখিত চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের পুনঃগঠিত ওয়ার্ডসমূহের ভোটার তালিকা হালনাগাদ না হওয়া পর্যন্ত উক্ত ইউনিয়নের নির্বাচন স্থগিত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

সচিব  
নির্বাচন কমিশন সচিবালয়  
শেরে-বাংলানগর  
আগারগাঁও, ঢাকা।

স্মারক নং-৪৬.০০.৭৮০০.০১৭.৯৯.০০১.১৬.৯৬০

তারিখ : ১৬ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ।  
৩০ নভেম্বর, ২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা নির্বাচন অফিসার, চুয়াডাঙ্গা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব